



# সবুজ ভবন নির্মাণের তাগিদ বিজ্ঞান জাদুঘরের

ফেব্রুয়ারি ২১, ২০২২

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে পরিবেশ সম্মত উপায়ে সবুজ ভবন নির্মাণে দাবি জানিয়েছেন সংস্থাটির মহাপরিচালক মোহাম্মদ মুনীর চৌধুরী। তিনি বলেছেন, “শুধু বড় বড় ভবন নির্মাণেই উন্নয়নের সার্থকতা নয়। প্রতিটি ভবনে পর্যাপ্ত উন্মুক্ত স্থান, বৃক্ষরোপন, ছাদে বৃষ্টির পানি সংরক্ষণ এবং পুনঃচক্রায়ন, বিদ্যুৎ, পানি ও জ্বালানির সর্বনিম্ন ব্যবহার, নির্বিঘ্ন বায়ু চলাচল, সূর্যালোক ও প্রাকৃতিক তাপশক্তি দিয়ে ভবনের জ্বালানি চাহিদা মেটানো এবং বৈজ্ঞানিকভাবে বর্জ্য ব্যবস্থাপনার মাধ্যমে একটি নিরাপদ ও টেকসই নগরী বিনির্মাণ এখন সময়ের দাবী।”

এ লক্ষ্যে তরুণ প্রকৌশলীদের মেধাকে কাজে লাগানোর আহ্বান জানিয়ে মুনীর চৌধুরী আলো বলেন, “তরুণ প্রজন্মের হাতয়মূলে সবুজ প্রযুক্তির ধারণা গেঁথে দিতে হবে। প্রতিটি উন্নয়ন কাজের পেছনে পরিবেশবান্ধব চিন্তা ও সবুজ পরিকল্পনা থাকতে হবে। নতুনা নগর জীবন অভিশপ্ত হয়ে উঠবে।”

এদিকে সবুজ ভবন নির্মাণের তাগিদ থেকেই গত বৃহস্পতিবার (১৭ ফেব্রুয়ারি) শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ৩৫ জন সহকারী প্রকৌশলীকে নিয়ে একটি কর্মশালা করেছে জাতীয় বিজ্ঞান জাদুঘর কর্তৃপক্ষ।

ঢাকা আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে বুনিয়াদী প্রশিক্ষণ গ্রহণকারী প্রকৌশলীগণ তাদের প্রশিক্ষণের অংশ হিসেবে ঐ দিন বিজ্ঞান জাদুঘর পরিদর্শন শেষে আয়োজিত এ বিজ্ঞান বক্তৃতায় বক্তব্য চেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে সবুজনগরী নির্মাণের গুরুত্ব তুলে ধরা হয়। অনুষ্ঠানে জাদুঘর মহাপরিচালক ছাড়াও বক্তৃতায় অংশগ্রহণ করেন সহকারী প্রকৌশলী মোঃ খালিদ হোসেন, মোঃ নাজমুস সাকিব এবং মোঃ সরোয়ার হোসেন।

স্বাগত বক্তব্য দেন বিজ্ঞান জাদুঘরের সিনিয়র কিউরেটর জনাব এ. কে. এম. লুৎফুর রহমান সিদ্দীক এবং ধন্যবাদ জ্ঞাপন মূলক বক্তব্য রাখেন সরকারের উপসচিব ও আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের উপ-পরিচালক শাকিব আহমেদ।

অনুষ্ঠান শেষে বিজ্ঞান জাদুঘরের পক্ষ থেকে অতিথিদের স্মারক উপহার প্রদান করা হয়।